

ANNEX B: ডরমিটরিতে বসবাসকারী অ-গৃহস্থালি কাজের পারমিট এবং এস পাস ধারণকারীদের দায়িত্ব

A. আপনার স্বাস্থ্যের প্রতি খেয়াল রাখুন এবং প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করুন
<p>১। আপনার তাপমাত্রা নিন এবং প্রতিদিন কমপক্ষে দুইবার, ৮ ঘন্টা পর পর আপনার কোভিড-১৯ লক্ষণগুলি³ অনুভব করছেন কিনা তা রিপোর্ট করুন। FWMOMCare মোবাইল অ্যাপ্লিকেশনটির মাধ্যমে MOM-এ আপনার স্বাস্থ্যের অবস্থা সম্পর্কে জানান। আপনি যদি FWMOMCare মোবাইল অ্যাপ্লিকেশন অ্যাক্সেস করতে সক্ষম না হন, তবে আপনার নিয়োগকর্তা বা ডরমিটরি অপারেটরকে অবিলম্বে আপনাকে সহায়তা করতে বলুন।</p>
<p>২। FWMOMCare মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে আপনার অবস্থান এবং মোবাইল নম্বর আপডেট করুন।</p>
<p>৩। সরকার কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ টেস্ট সহ সমস্ত মেডিকেল পরীক্ষা বা অন্যান্য পরীক্ষাগুলি করতে যান।</p>
<p>৪। যদি আপনার জ্বর হয়, কোভিড-১৯ এর কোন লক্ষণ অনুভব করছেন বা শারীরিকভাবে অসুস্থ হন, তাহলে অবিলম্বে আপনার নিয়োগকর্তা বা ডরমিটরি অপারেটরকে জানান।</p>
B. একে অপরের সাথে মেলামেশা সীমিত করুন
<p>৫। সর্বদা অন্য ব্যক্তির থেকে কমপক্ষে এক মিটার দৈহিক দূরত্ব বজায় রাখুন।</p>
<p>৬। যে কোনও সাধারণ জায়গায় একটি মাস্ক পরুন, উদাহরণস্বরূপ, আপনার বাসস্থান, কোম্পানীর পরিবহন বা কর্মক্ষেত্রে সাধারণ জায়গা বা সুবিধাগুলি। আপনি যে রুমে ঘুমাচ্ছেন এবং গোসলের জায়গাগুলিতে আপনার কোনও মাস্ক পরার দরকার নেই।</p>
<p>৭। অন্য কোনও ব্লকে বা তলায় বাস করে এমন অন্যান্য বাসিন্দাদের সাথে মেলামেশা করবেন না।</p>
<p>৮। কেবলমাত্র টয়লেট এবং সাধারণ রান্নার জায়গাগুলির মতো ভাগ করা সুবিধাগুলি ব্যবহার করুন, যা আপনাকে ডরমিটরি অপারেটর দ্বারা বরাদ্দ করা হয়েছে।</p>
<p>৯। আপনার জন্য নির্ধারিত সময় অনুযায়ী অন্যান্য সাধারণ সুবিধা এবং ভাগ করা পরিষেবাগুলি ব্যবহার করুন। এর মধ্যে বাইরের বিনোদনমূলক জায়গাগুলি, নাপিত এবং টাকা পাঠানোর পরিষেবাগুলি অন্তর্ভুক্ত রয়েছে।</p>
<p>১০। বন্ধ থাকা কোনও সুবিধা ব্যবহার করবেন না, যেমন সাধারণ ডাইনিং এর জায়গা এবং ডরমিটরির ভিতরে বিনোদনমূলক জায়গা।</p>
<p>১১। আপনি যদি নিজের বাসস্থানে খাবার খান, তাহলে তা অবশ্যই আপনার নিজের রুমে (যেখানে আপনি ঘুমাবেন) খাবেন।</p>
<p>১২। আপনার বাসস্থান এবং অন্যান্য জায়গা বা সুবিধা যা আপনি ব্যবহার করেন তা পরিষ্কার এবং পরিচ্ছন্ন রাখুন।</p>
C. যদি আপনাকে কাজের জন্য ডরমিটরি ছেড়ে যাওয়ার অনুমতি দেওয়া হয়
<p>১৩। ডরমিটরি ছেড়ে যাওয়ার আগে TraceTogether টির সর্বশেষ সংস্করণটি ডাউনলোড করুন এবং সক্রিয় করুন।</p>
<p>১৪। আপনার কর্মক্ষেত্রে ছাড়া অন্য কোথাও যাবেন না এবং কাজ শেষ হওয়ার সাথে সাথেই আপনার ডরমিটরিতে ফিরে আসবেন।</p>

³ লক্ষণগুলি হলো a) কাশি, b) হাঁচি, c) শ্বাসকষ্ট, d) সর্দি, এবং e) গন্ধ না পাওয়া বা ঘ্রাণ শক্তির লোপ